সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-০৫/২০২১ তারিখ : ২৭.১০.২০২১

বিষয়: করোনাভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ব্যাংকে কর্মরত আক্রান্ত কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য ক্ষতিপূরণ প্রদান।

করোনাভাইরাস (COVID-19) সংক্রমণরোধে সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের জন্য বিশেষ স্বাস্থ্য বীমা এবং বিশেষ অনুদান বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ১৫.০৪.২০২০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নম্বর ১৮ জারি করা হয়। এতদবিষয়ে ১৮.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠিত রাকাব, পরিচালনা পর্ষদের ৫১৪তম সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে কর্মী ব্যবস্থাপনা বিভাগের ০১.০৬.২০২০ তারিখের প্রকা/কব্যবি-০৩/২০২০ নম্বর সূত্র মারফত সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন ব্যাংকে গমণপূর্বক স্বশরীরে ব্যাংকিং কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে দায়িত্ব পালনকালে COVID-19 দ্বারা আক্রান্ত এ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের বিশেষ স্বাস্থ্য বীমা এবং আক্রান্ত হয়ে দূর্ভাগ্যজনকভাবে মৃত্যুবরণের ক্ষেত্রে স্বাস্থ্য বীমার ৫(পাঁচ) গুণ অর্থ বিশেষ অনুদান নগদ প্রাপ্য হবেন মর্মে সার্কুলার জারি করা হয়। উক্ত সার্কুলারে COVID-19 দ্বারা আক্রান্ত হয়ে মৃত্যুবরণের ক্ষেত্রে বিশেষ অনুদানের প্রাপ্যতার বিষয়ে পদভিত্তিক নিম্নরূপ বিভাজনের উল্লেখ ছিল:

(লক্ষ টাকায়)

ক্র:নং	কর্মকর্তা/কর্মচারীর পদবী/শ্রেণি	করোনাভাইরাস (COVID-19) দ্বারা আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে বিশেষ অনুদানের পরিমাণ
১.	মহাব্যবস্থাপক ও তদূর্ধ্ব কর্মকর্তা	৫০.০০
২.	উপ-মহাব্যবস্থাপক ও সমমান	৪২.৫০
৩.	সহকারী মহাব্যবস্থাপক/উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও সমমান	৩৭.৫০
৪.	মুখ্য কর্মকর্তা ও সমমান	৩২.৫০
৫.	উর্ধ্বতন কর্মকর্তা/কর্মকর্তা ও সমমান	৩০.০০
৬.	সুপারভাইজার/উপসহকারী প্রকৌশলী/নিম্নমান সহকারী ও সমমানের তৃতীয় শ্রেণির কর্মচারী	২৭.৫০
৭.	পিয়ন/চৌকিদার ও সমমানের ৪র্থ শ্রেণির কর্মচারী	২৫.০০

০২। করোনাভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ব্যাংক কর্মকর্তা-কর্মচারীর অনাকাঙ্খিত মৃত্যু ঘটার ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার লেটার নম্বর ১৮ এর অনুবৃত্তিক্রমে বাংলাদেশ ব্যাংকের ১৯.০৪.২০২১ তারিখের ২৪ নম্বর বিআরপিডি সার্কুলার লেটার মারফত ব্যাংক কর্তৃক প্রচলিত নিয়ম অনুসরণ করে ২৯.০৩.২০২০ তারিখ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত করোনাভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী কর্মকর্তা-কর্মচারীর স্ত্রী/স্বামী/সন্তান এবং অবিবাহিতদের ক্ষেত্রে বাবা/মাকে ক্ষতিপূরণ প্রদানের নির্দেশনা প্রদান করা হয়।

০৩। রাকাব, পরিচালনা পর্ষদের ২৭ জুলাই ২০২১ তারিখ অনুষ্ঠিত ৫৩৫ তম সভায় করোনাভাইরাসের (COVID-19) প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংক ঘোষিত ক্ষতিপূরণ প্রদানের নির্দেশনা বিষয়ে ব্যাংক ব্যবস্থাপনাকে পরামর্শসহ নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়:

"সিদ্ধান্ত ১৫.৪ করোনা ভাইরাস COVID-19 আক্রান্তদের এবং মৃতদের পরিবারকে ক্ষতিপূরণ প্রদানের নিমিত্ত বাংলাদেশ ব্যাংকের জারিকৃত নির্দেশনা অনুসরণে অন্যান্য রাষ্ট্রয়াত্ত এবং বিশেষায়িত ব্যাংকসমূহ কি ধরণের ব্যবস্থা গ্রহণ করেছে সে সকল তথ্য সংগ্রহ করে এ ব্যাংকে করোনায় আক্রান্তদের এবং মৃতদের পরিবারকে ক্ষতিপূরণ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ব্যাংক ব্যবস্থাপনাকে পরামর্শ দেয়া হলো।"

০৪। এমতাবস্থায় রাকাব, পরিচালনা পর্ষদের ৫৩৫ তম সভার সিদ্ধান্ত এবং রেগুলেটরী অথরিটি বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী ২৯.০৩.২০২০ তারিখ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত করোনাভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী এ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের বাংলাদেশ ব্যাংকের বিভাজনের আলোকে পদ ভিত্তিক নিম্নরূপ বিভাজন অনুসারে ক্ষতিপূরণ প্রদানের প্রস্তাব ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক অনুমোদন করা হয়েছে:

ধাপ	পদ/গ্রেড	করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে ক্ষতিপূরণের পরিমাণ
ধাপ-১	উর্ধ্বতন কর্মকর্তা ও সমমান হতে তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাগণ	৫০.০০ লক্ষ টাকা
ধাপ-২	কর্মকর্তা ও সমমান পদমর্যাদার ধাপ হতে ধাপ-১ এর পূর্ব পর্যন্ত পদমর্যাদার কর্মকর্তাগণ	৩৭.৫০ লক্ষ টাকা
ধাপ-৩	কর্মচারী (৩য় ও ৪র্থ শ্রেণি)	২৫.০০ লক্ষ টাকা

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে রেগুলেটরী অথরিটি বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা এবং রাকাব, পরিচালনা পর্ষদের ৫৩৫ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক অনুমোদিত নিম্নরূপ বিধান করোনাভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী এ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের ক্ষতিপূরণ প্রদানের ক্ষেত্রে অনুসরণ করতে হবে:

ক) করোনাভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীর অনাকাঙ্খিত মৃত্যু ঘটলে ব্যাংক কর্তৃক প্রচলিত নিয়ম অনুসরণ করে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর স্ত্রী/স্বামী/সন্তান এবং অবিবাহিতদের ক্ষেত্রে বাবা/মাকে ক্ষতিপূরণের অর্থ প্রদেয় হবে;

চলমান পৃষ্ঠা-০২

খ) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মানব সম্পদ উন্নয়ন বিভাগ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুর ক্ষেত্রে প্রাপ্য ক্ষতিপূরণের অর্থ প্রদানের কার্যক্রম সম্পাদন করবে;

গ) করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দুর্ভাগ্যজনকভাবে মৃত্যুর ক্ষেত্রে মৃত কর্মকর্তা-কর্মচারীর স্ত্রী/স্বামী/সন্তান এবং অবিবাহিতদের ক্ষেত্রে বাবা/মা/প্রযোজ্য ক্ষেত্রে নমিনী ক্ষতিপূরণের দাবী সম্বলিত আবেদন পরিশিষ্ট 'খ' অনুযায়ী সংশ্লিষ্ট শাখা/অফিস/বিভাগের মাধ্যমে সুপারিশসহ মানব সম্পদ উন্নয়ন বিভাগে প্রেরণ করতে হবে;

ঘ) আবেদনপত্রের সঙ্গে করোনা ভাইরাস পজেটিভ এর প্রমাণক/মেডিকেল রিপোর্ট, হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত মৃত্যুসনদপত্র এবং হাসপাতালের বাহিরে মৃত্যুর ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র এবং সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে মৃত্যুসনদপত্র গ্রহণ করতে হবে;

ঙ) করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যু বিষয়ে সর্বশেষ কর্মস্থলের নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

চ) মানব সম্পদ উন্নয়ন বিভাগ প্রাপ্ত আবেদনের পরিপ্রেক্ষিতে নথি প্রক্রিয়াকরণ করে চূড়ান্ত অনুমোদনের পর মৃত্যুবরণকারী কর্মকর্তা-কর্মচারীর পক্ষে আবেদনকারীর অনুকূলে মঞ্জুরীপত্র ইস্যু করে ক্ষতিপূরণ বাবদ প্রাপ্য অর্থ প্রদানের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ কে অনুরোধ করবে;

ছ) ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ক্ষতিপূরণ বাবদ প্রদেয় অর্থের অনুমোদন প্রদান করবেন;

জ) বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ এতদসংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় বরাদ্দের ব্যবস্থা করবে এবং কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ প্রদানকৃত অর্থের হিসাবায়নের নিমিত্ত ব্যয় খাত নির্ধারণ করবে;

ঝ) এ ক্ষতিপূরণ বর্তমানে প্রচলিত অন্য যে কোন আদেশে বর্ণিত কর্মকালীন মৃত্যুবরণের ক্ষেত্রে প্রযোজ্য আর্থিক সহায়তা/অনুদান বা অন্য যে কোন সুবিধার অতিরিক্ত হিসেবে প্রদেয় হবে এবং তা কোন ক্রমেই সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর অন্যকোন দায়ের বিপরীতে সমন্বয় করা যাবে না;

ঞ) ২৯.০৩.২০২০ তারিখ বা তৎপরবর্তীতে (পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত) করোনাভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী কর্মকর্তা-কর্মচারীগণের ক্ষেত্রে কেবল ক্ষতিপূরণ প্রদানের বিষয় বিবেচনা করা যাবে।

০৬। এতদবিষয়ে কর্মী ব্যবস্থাপনা বিভাগ হতে ০১ জুন ২০২০ তারিখে জারিকৃত প্রকা/কব্যবি-০৩/২০২০ নম্বর সার্কুলারের ০২(গ) এবং ০৩ ক্রমিকে বর্ণিত নির্দেশনার কার্যকারিতা রহিত করা হলো।

অনুমোদনক্রমে-

২৭/১০/২০২১

(রণজিৎ কুমার সেন)
উপ-মহাব্যবস্থাপক

সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-১৫(১)/২০২১-২০২২/৯৩৫(৪৫৩) তারিখ : ২৭.১০.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৫. মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৬. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (সার্কুলারটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি বিভাগ, প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ এবং প্রদানকৃত অর্থের হিসাবায়নের ব্যয় খাত নির্ধারণের জন্য কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ কে অনুরোধ করা হলো)।
৭. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৮. প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
৯. সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০. উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১১. অধ্যক্ষ, রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
১২. উপ-মহাব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৩. সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪. উপ-প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, ডিপিও, রাজশাহী/বগুড়া।
১৫. সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৬. অফিস নথি/ব্যক্তিগত নথি/মহানথি।

২৭.১০.২০২১
(শেখ মুকতারুজ্জামান)
সহকারী মহাব্যবস্থাপক

পরিশিষ্ট 'খ'

ব্যবস্থাপনা পরিচালক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়
রাজশাহী।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়: করোনাভাইরাস (কোভিড-১৯) এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করায় ক্ষতিপূরণের অর্থ প্রদানের আবেদন।

মহোদয়

সবিনয় নিবেদন এই যে, আমার/আমাদের .... (সম্পর্ক) মরহুম .... রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ....শাখা/কার্যালয়/বিভাগে .... পদে কর্মরত ছিলেন। তিনি ....তারিখে করোনাভাইরাস (COVID-19) এ আক্রান্ত হয়ে .... হাসপাতাল/নিজ বাসায় চিকিৎসাধীন ছিলেন। প্রয়োজনীয় চিকিৎসা এবং যথাযথ স্বাস্থ্য বিধি অনুসরণের পরও তিনি আরোগ্য লাভ করেননি। দুর্ভাগ্যজনকভাবে তিনি গত .... তারিখে মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুতে আমরা অসহায় অবস্থায় জীবনযাপন করছি।

এমতাবস্থায় বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কর্মী ব্যবস্থাপনা বিভাগ হতে জারিকৃত ২৭.১০.২০২১ তারিখের প্রকা/কব্যবি-১৫(১)/২০২১-২০২২/৯৩৫(৪৫৩) নম্বর সার্কুলার লেটার মোতাবেক মৃত্যুবরণকারী কর্মকর্তা-কর্মচারীর .... (সম্পর্ক) হিসেবে আমি/আমরা ক্ষতিপূরণ বাবদ .... (কথায় ....) টাকা আমার/আমাদের অনুকূলে মঞ্জুর ও প্রদানের আবেদন করছি।

আপনার বিশ্বস্ত

(১) স্বাক্ষর

নাম:

সম্পর্ক:

(২) স্বাক্ষর

নাম:

সম্পর্ক:

সংযুক্তি: ১। করোনাভাইরাসে আক্রান্ত বিষয়ে প্রমাণক/মেডিকেল রিপোর্ট।

২। মৃত্যু সনদপত্র।

৩। মৃত কর্মকর্তা-কর্মচারীর সাথে সম্পর্কের সনদপত্র (চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত এবং নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত)।

৪। আবেদনকারী/আবেদনকারীগণের সত্যায়িত ছবি (এক কপি করে)।